

জাতীয় বিশ্ববিদ্যালয়ে তথ্য ও পরামর্শ সেল চালু

গাড়ীপুর এতিমিহি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিকৃত
শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক-
কর্মচারী, অতিথিগণের সর্বসাধারণকে
সর্বোচ্চ সেবান্বয়ের অংশ হিসেবে
সেবাকার গাড়ীপুর বিশ্ববিদ্যালয়ের
একাডেমিক ভবনের বিচি উদ্যানে
জনসংযোগ, তথ্য ও পরামর্শ নকতরের
অধীনে 'তথ্য ও পরামর্শ সেল' খোলা
হয়েছে।

এ তথ্য ও পরামর্শ সেল উন্মোচন
করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের তিনি
প্রফেসর ড. হারুন-উর-রশিদ। তথ্য ও
পরামর্শ সেল থেকে সেবা গ্রহীতাদের
বিভিন্ন প্রশ্না, জিজ্ঞাসা, অভিযোগ
সম্পর্কে, ব্যক্তিগত সাক্ষাৎ, টেলিফোন,
ফ্যাক্স, মোবাইল ফোন, ই-মেইলের
মাধ্যমে প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ
প্রদান করা হবে।

অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-
ভিসি অধ্যাপক ড. মোঃ আব্দুল
কুইয়াম, বিভিন্ন অনুষদের ডিন,
রেজিস্ট্রার, জনসংযোগ পরিচালক,
বিভিন্ন অফিস প্রধান, কর্মকর্তা-
কর্মচারীরা উপস্থিত ছিলেন। এখন
থেকে বিশ্ববিদ্যালয় সম্পর্কিত যে কোন
জিজ্ঞাসা বা অভিযোগের জন্য
সংশ্লিষ্টদের এ সেলের উপপরিচালক
মোঃ নাহদুদুস হামান এবং তথ্য ও
পরামর্শ সেল' কক নং-১০১,
একাডেমিক ভবন, টেলিফোন-
৯২৯১০৫৯, ফ্যাক্স- ৯২৯১০৫০,
মোবাইল-০১৭৬২৬৮৫৪১০, ই-
মেইল: icc@nu.edu.bd,
icc.nubd@gmail.com, Web:
www.nu.edu.bd এ যোগাযোগের
অনুরোধ করা হয়েছে।